# রুপালী মহিলা সমবায় সমিতি লি.

# একটি মডেল সমবায় প্রতিষ্ঠান

**ভূমিকা**

পদ্মা বিধৌত পাবনা জেলার ঈশ্বরদী উপজেলার পশ্চিম টেংরি গ্রামে রুপালী মহিলা সমবায় সমিতির অবস্থান। সমিতির নিবন্ধন নম্বর- ৯৬ তারিখ- ২০ অক্টোবর ২০০৮। সমিতিটি পাবনা জেলার ঈশ্বরদী উপজেলায় উৎপাদনকারী ও ভোক্তাদের মধ্যে সরাসরি পরিপূরক সম্পর্ক স্থাপনের মাধ্যমে পণ্যের ব্যাপক চাহিদা পূরণ করে ইতোমধ্যে ভূয়সী প্রশংসা অর্জন করেছে।

**সমিতি গঠনের প্রেক্ষাপট**

২০০৮ সালে সমিতিটি নিবন্ধিত হলেও পথচলা শুরু তারও আগে থেকে। সমিতির বর্তমান সভাপতি মোছাঃ জেসমিন জাহানের নেতৃত্বে কতিপয় মহিলা গবাদী পশু পালন, ক্ষুদ্র ব্যবসা ও বিভিন্ন প্রকার ফসল উৎপাদন খাতে ঋণ প্রদানের মাধ্যমে বেকারত্ব দূরকরণ ও আর্থ সামাজিক উন্নয়নে নিজেদের নিয়োজিত করেন। ২০০৮ সালে সংগঠিত হবার পর থেকে সমিতিটি উত্তরোত্তর উন্নতি লাভ করে যাচ্ছে।

**সমবায় সমিতির নিবন্ধন পরবর্তী অবস্থা :**

পাবনা জেলার ঈশ্বরদী উপজেলায় সমিতির সদস্যদের মধ্যে বিভিন্ন খাতে ঋণ প্রদানের মাধ্যমে ১৫ জন সদস্যের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে এবং বর্তমানে তারা আত্মনির্ভরশীল। ফলে সমিতিটি সদস্যদের ভাগ্যন্নয়নে পদক্ষেপ গ্রহণ করায় ইতোমধ্যে প্রশংসা অর্জন করতে সক্ষম হয়েছে।

**সমিতির লক্ষ ও উদ্দেশ্য**

আর্থ সামাজিক উন্নয়ন সহ গ্রামের মহিলাদেরকে সমিতির সদস্যভুক্ত করে সদস্যদের নিকট হতে শেয়ার ও সঞ্চয় আমানত গ্রহনের মাধ্যমে পুজি গঠন, সদস্যদের আর্থিক ও ঋণ সহায়তা প্রদান এবং অন্যান্য কাযক্রম গ্রহনের মাধ্যমে মহিলাদের আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন, নারীর আত্ম নির্ভরশীলতা অর্জন ও নারীর ক্ষমতায়ন নিশ্চিত করায় সমিতিটির মূল লক্ষ ও উদ্দেশ্য। সমিতিটি নিবন্ধনের পর হতে এ পর্যন্ত তার লক্ষ্য উদ্দেশের রেশির ভাগই বাস্তবায়ন করতে সক্ষম হয়েছে।

**সদস্য সংখ্যা**

৩০/০৬/২০২০ খিস্টাব্দ তারিখে সমিতির মোট সদস্য সংখ্যা ছিল ১৭৬ জন এবং সকল সদস্যই মহিলা। সদস্য রেজিষ্টার সমিতিতে সংরক্ষন করা হয় এবং উহা নিয়মিত হালনাগাদ করা হয়। সতিতি কর্তৃপক্ষ সদস্য ভর্তি ও বাতিলের ক্ষেত্রে সমবায় সমিতি আইন/০১ (সংশোধন-০২ , সংশোধন-১৩) ও সমবায় সমিতি বিধিমালা অনুসরন করে থাকেন। সকল সদস্যই সমিতি হতে আর্থিক ভাবে উপকৃত হচ্ছেন।

**সমিতির কাযক্রম**


৭.০০ সমিতির কাযক্রমসমূহ/ প্রকল্পসমূহ : ক্ষুদ্র ঋণ প্রকল্প, হাঁস মুরগী ও গবাদী পশু পালন প্রকল্প, নকশী কাথা তৈরী ও বিক্রয় প্রকল্প,সেলাই কাযক্রম,মোমবাতি তৈরী ও বিক্রয়, স্যানিটেশন প্রকল্প ইত্যাদি চলমান রয়েছে।

**সমিতির আর্থিক কাযক্রমে স্বচ্চতা নিশ্চিতকরণে পদক্ষেপ :**

দৈনিক আদায়কৃত শেয়ার, সঞ্চয় ও ঋণের টাকা দৈনিক ব্যাংকে জমা প্রদান, সমিতির আর্থিক হিসাব সমূহ বিভিন্ন রেজিস্টারে লিপিবদ্ধকরন, ব্যবস্থাপনা কমিটির মাসিক সমন্বয় মিটিং ও বার্ষিক সাধারণ সভায় জবাবদিহি করণের মাধ্যমে সমিতির আর্থিক কাযক্রমে স্বচ্চতা নিশ্চিতকরণে পদক্ষেপ গ্রহণ করা হয়ে থাকে।

**সমিতির মাধ্যমে কর্মসংস্থান :**

৫৫ জন সদস্য সমিতির মাধ্যমে বিভিন্ন পেশায় কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। যেমন- রিক্স- ভ্যান চালক,মুদি দোকান, ফড়িয়া,হকারী ও ক্ষুদ্র ব্যাসায়ী প্রভৃতি।





অত্র সমিতির মাধ্যমে ক্ষুদ্র ঋন দ্বারা সমিতির সদস্য নিজস্য রিক্সা ও গাভীপালন কাজ চলমান রয়েছে।

**সমিতির সামাজিক কর্মকান্ড/ দায়বদ্ধতা :**

সমিতির মাধ্যমে দুস্থ সদস্যদের চিকিৎসা সেবা প্রদান, কন্যা দায়গ্রস্থ সদস্যদের বিবাহ কালীন সহায়তা অবদান, গরীব মেধাবী ছাত্রছাত্রীদের উপবৃত্তি প্রদান, বনায়ন সৃষ্টিতে গাছের চারা বিতরণ ও দুঃস্থ শীতার্তদের মাঝে শীত বস্ত বিতরণ প্রভৃতি সামাজিক কর্মকান্ড রয়েছে যাহা প্রশংসনীয়।





অত্র সমিতির মাধ্যমে সেলাই ও মোমবাতী তৈরী কাজ চলমান রয়েছে।





অত্র সমিতির মাধ্যমে বাড়ীর আঙিনায় লাউচাষ ও দুঃস্থদের মাঝে শীত বস্ত্র বিতরন চলমান রয়েছে।

**ঋণ বিনিয়োগ**

সমিতি ২১ জন সদস্যের মধে ৩৯,৫৩,২৬০ টাকা গাভী ঋণ, ক্ষুদ্র ব্যবসায় ঋণ এবং রিক্সা ভ্যান ক্রয়ে ঋণ বিতরণ করেছে এবং মোমবাতি তৈরী খাতে বিনিয়োগ করেছে।

**পুজি গঠন**

নিবন্ধনের পর হতে এ পর্যন্ত সদস্যদের শেয়ার মূলধনের পরিমান ২১,৫০০ টাকা, সঞ্চয় ৪০,২৬,৭০৬ টাকা। অন্যদিকে শিক্ষা তহবিল জমার পরিমাণ ৩৬,৫০৪ টাকা, সংরক্ষিত তহবিল জমা ৪,৮৬৯ টাকা, সংরক্ষিত তহবিল (আদায়কৃত) ৪,৬২,৯২১ টাকা, কু-ঋণ তহবিল জমা ৩,৩৮১ টাকা, কু-ঋণ তহবিল (আদায়কৃত) ১২,১৯০ টাকা এবং দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল ৫০,০০০ টাকা।

**সমিতির সদস্যগনের প্রশিক্ষণ**

সমবায় অধিদপ্তর কর্তৃক ভ্রাম্যমান প্রশিক্ষণ কর্মসূচি, আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট, বাংলাদেশ সমবায় একাডেমী, মিল্ক ভিটা, স্থানীয় প্রাণী সম্পদ দপ্তর কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচীতে সদস্যগণের অংশগ্রহন স্বত:স্ফুর্তভাবে অংশ গ্রহণ করে থাকে। এছাড়াও সদস্যগন বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করে প্রশিক্ষণ লব্ধ জ্ঞান পেশাগত কাজে ব্যবহার করে দিনদিন উন্নতি লাভ করছে।

**অর্থনৈতিক ও সামাজিক সমৃদ্ধ অর্জন**

সমিতি প্রতিষ্ঠার কারণে সমিতির কর্মএলাকার সদস্যদের আত্ন-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। সমিতির সকল কার্যাদি সম্পাদন এবং হিসাবাদি সংরক্ষণের জন্যে একজন কর্মী নিয়োগ প্রদান করে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হয়েছে। ২০১৯-২০ অর্থ বছরে তাদের ১,১৭,০০০ টাকা বেতন বোনাস বাবদ পরিশোধ করা হয়েছে। সমিতি সমবায় আইন বিধিমালা সমিতির উপ-আইন বিভাগীয় আদেশ-নির্দেশ প্রতিপালনে সচেষ্ট। নিয়মিত অডিট ফি (ভ্যাটসহ) সমবায় উন্নয়ন তহবির পরিশোধ করে । এ বাবদ সমিতির কোন বকেয়া নাই। বিভিন্ন জাতীয় দিবস উদযাপনে সমিতির অংশ গ্রহন স্ব:স্ফুর্ত। সমিতির কার্যক্রমে সদস্যদের দৃশ্যমান অগ্রগতির মধ্যে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন ব্যবহার এবংগৃহস্থালি উন্নয়ন উল্লেখযোগ্য। আত্ন- কর্মসংস্থান ও পল্লী উন্নয়নে ভুমিকা রাখছে।

**সমিতির সাফল্যের কারণসমূহ :**

সৎ ও যোগ্য ব্যবস্থাপনা, আগ্রহী সদস্য এবং দক্ষ কর্মচারীর সম্বনয় সমিতির সাফল্যের অন্যতম কারণ। সমিতির সদস্যদের মধ্যে বিভিন্ন খাতে ঋণ প্রদানের মাধ্যমে সদস্যের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে এবং বর্তমানে তারা আত্মনির্ভরশীল।

১৪.০০ নারীর ক্ষমতায়ণে সমিতির উদ্যোগ ও ভুমিকা : অত্র সমতির মাধ্যমে নারীদের নেতৃত্বের বিকাশ ঘটানোর জন্য বিভিন্ন সচেতনামূলক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

**সমিতির কাযক্রমের বিশেষত্ব ও অনন্যতা :**

দৈনিক আদায়কৃত শেয়ার, সঞ্চয় ও ঋণের টাকা দৈনিক ব্যাংকে জমা প্রদান, সমিতির আর্থিক হিসাব সমূহ বিভিন্ন রেজিস্টারে লিপিবদ্ধকরন, ব্যবস্থাপনা কমিটির মাসিক সমন্বয় মিটিং ও বার্ষিক সাধারণ সভায় জবাবদিহি করণের মাধ্যমে সমিতির আর্থিক কাযক্রমে স্বচ্ছতা নিশ্চিতকরণে পদক্ষেপ গ্রহণ করা হয়ে থাকে।

**সমিতির বিদ্যমান প্রতিবন্ধকতা/ অন্তরায়সমূহ :**

নারীর ক্ষমতায়নে আরও নতুন নতুন প্রকল্প গ্রহণ করার পরিকল্পনা থাকলেও আর্থিক সংকটের কারনে তা দ্রুত বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না।

**সমিতির ভবিষ্যৎ পরিকল্পনা :**

নারীর ক্ষমতায়নে আরও নতুন নতুন প্রকল্প গ্রহণ করা।

**অডিট ফি ও সিডিএফ প্রদান**

পাকুড়িয়া প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লি: এর পুঞ্জিভুত অবন্টিত লাভ রয়েছে ২৩,৩৫৯/-টাকা । সর্বশেষ ২০১৯-২০২০ সালে অডিট সমাপ্ত করেছেন এবং সমিতিটিতে ৫,৪৭৭/-টাকা নীটলাভ অর্জিত হয়েছে। ২০১৯-২০২০ অর্থ বছরে সিডিএফ বাবদ ১৬৪/-টাকা, অডিট ফি ৫৮০/-টাকা ও ভ্যাট বাবদ ৮৭/-টাকা প্রদান করেছেন। অত্র সমিতি নিয়মিত অডিট সম্পাদন করিয়ে থাকে এবং প্রতি বছর অডিট ফি ও সিডিএফ পরিশোধ করে ।

২৭/০৬/২০২২

মো: আমজাদ হোসেন
উপজেলা সমবায় অফিসার
ঈশ্বরদী, পাবনা।